ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন
স্টেশন প্রকৌশলী
উপ-স্টেশন প্রকৌশলী
সহকারী বেতার প্রকৌশলী
রেডিও টেকনিশিয়ান

৩১৬৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

স্মারক : ১৫.৫৩.০০০০.০১১.২০.০৪৩.২৩. ২৫০৭

তারিখ : ০২/০৭/২০২৩

বিষয় : ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন কমিটির অফিসার, বাংলাদেশ বেতার, ঢাকা।

স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা এর দপ্তর কক্ষ।

তারিখ : ১৭/০৭/২০২৩ খ্রি:

সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিতির তালিকা: **পরিশিষ্ট-ক**।

বাংলাদেশ বেতারের পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন অফিসার জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম: | বিষয় | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ০১. | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | বাংলাদেশ বেতার, সদর দপ্তরের বিভিন্ন দপ্তর/শাখার সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্যোগ আহবান করে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ বেতার, সদর দপ্তরের বিভিন্ন দপ্তর/শাখার সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্যোগ আহবান করে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উল্লেখ্য প্রসেস ম্যাপসহ সিটিজেন চার্টার-এর আওতাভুক্ত সেবাসমূহের মধ্য হতে প্রস্তাব প্রেরণ করার নির্দেশ প্রদান করে সংশ্লিষ্ট দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা |
| ০২. | [২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা। | [২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা। | বাংলাদেশ বেতার কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহতকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বাংলাদেশ বেতার কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী সেবাসমূহের ডাটাবেজ চালু রয়েছে কিনা এ বিষয়ে সদর দপ্তর-কে অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিটে পত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা |
| ০৩. | [৩.১] ইনোভেশন শোকেসিং | [৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত। | বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) ১০ ডিসেম্বর, ২০২৩ তারিখে আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ লক্ষ্যে সকল কেন্দ্র/ইউনিটগনকে সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা |
| ০৪. | [৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [৪.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | ই-নথির ব্যবহার বৃদ্ধির সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ই-নথির ব্যবহার বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে। বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটের ই-নথির ব্যবহারের বিষয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদর দপ্তরের সংশ্লিষ্ট দপ্তর/শাখা |

চলমান পাতা/২

| ক্রম: | বিষয় | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ০৫. | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণের বিষয় আলোচনা করা হয়। | তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা এবং ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য বাতায়ন হালনাগাদকৃত প্রতিবেদন প্রমানকসহ অত্র দপ্তরে প্রেরণের জন্য গবেষণা ও গ্রহণ কেন্দ্র-কে পত্র প্রেরণ করা হবে। | গবেষণা ও গ্রহণ কেন্দ্র বাংলাদেশ বেতার, ঢাকা। |
| | | [৫.১.২] আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ | বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট সমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয় আলোচনা করা হয়। | বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট সমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা |
| ০৬ | [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন। | [৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজনের বিষয় আলোচনা করা হয়। | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার ০২টি আয়োজনের বিষয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট শাখা |
| | | [৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয় আলোচনা করা হয়। | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা আগামী ১৫ কর্মদিবসের মধ্যে সদর দপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিটে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট শাখা |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
ইনোভেশন অফিসার
ফোন : ৪৪৮১৩০৭১

স্মারক : ১৫.৫৩.০০০০.০১১.২০.০৪৩.২৩. ৯৫০৭

তারিখ: ০২/০৭/২০২৩

বিতরণ :

১। জনাব মোঃ আল আমিন খান, অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। ড. আবুল হাসনাত মোঃ জাকির উদ্দীন, স্টেশন প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। জনাব মোহাম্মদ রাফিকুল হাসান, উপপরিচালক, কৃষি সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৪। জনাব মোঃ মাহমুদুন নবী, উপ বার্তা নিয়ন্ত্রক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
(সংযুক্তিতে সদর দপ্তরে মহাপরিচালকের স্টাফ অফিসার হিসেবে কর্মরত)

অনুলিপি: সদয় অবগতিকল্পে ও কার্যার্থে :

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। পরিচালক (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৫। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৬। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা **(ওয়েবসাইটের ইনোভেশন কর্ণারে প্রকাশের অনুরোধসহ)।**
৭। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা ।
৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা
(পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। গার্ড ফাইল।

মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
ইনোভেশন অফিসার
ফোন : ৪৪৮১৩০৭১